গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
উন্নয়ন-৩ শাখা

বিষয়: “বরিশাল জেলার সাতলা-বাগধা প্রকল্পের পোল্ডার পুনর্বাসন (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ২য় সভার কার্যবিবরণী।

সভাপতি	কবির বিন আনোয়ার সিনিয়র সচিব
সভার তারিখ	২৫-০৫-২০২১।
সভার সময়	বেলা ১১.৩০ ঘটিকা।
স্থান	পানি সম্পদ মন্ত্রণালয়ের সভাকক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট-ক।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সদস্যদের ও অনলাইনে যোগদানকৃত সকলকে স্বাগত জানান। সভাপতির অনুমতিক্রমে যুগ্ম-সচিব (উন্নয়ন-২), পাসম জানান যে, ৪৫৬৯.৩৪ লক্ষ টাকা ব্যয় সম্বলিত প্রকল্পটির বাস্তবায়নকাল জুন, ২০২১ পর্যন্ত নির্ধারিত আছে। এপ্রিল, ২০২১ পর্যন্ত প্রকল্পের বাস্তব অগ্রগতি ৫১.৪২% এবং আর্থিক অগ্রগতি ১৪০৯.৫৪ লক্ষ টাকা (৩২%)।

২। প্রকল্পটির অগ্রগতি ও বাস্তব অবস্থা নিয়ে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
নির্বাহী প্রকৌশলী ও প্রকল্প পরিচালক, বাপাউবো, বরিশাল জানান যে, মূল ডিপিপি অনুযায়ী প্রকল্পটির মেয়াদ ছিল অক্টোবর, ২০১৭ হতে জুন, ২০২০ পর্যন্ত। বিগত ০৩/০২/২০২০ তারিখে প্রকল্পটির প্রথম সংশোধনী অনুমোদিত হয়। ১ম সংশোধোনী অনুযায়ী প্রকল্পের মেয়াদ অক্টোবর, ২০১৭ হতে জুন, ২০২১ পর্যন্ত। অদ্যাবধি প্রকল্পের বাস্তব অগ্রগতি ৫১.৪২%। প্রকল্পের অবশিষ্ট কাজ সম্পন্ন করার জন্য ব্যয় বৃদ্ধি ব্যাতীত মেয়াদ বৃদ্ধির প্রস্তাবনা প্রেরন করা হয়েছে যা প্রক্রিয়াধীন রয়েছে। মাঠপর্যায়ে প্রকল্পটির কাজ বাস্তবায়নের শুরুতেই স্থানীয় সামাজিক সমস্যার কারনে প্যাকেজসমূহের কাজ শুরু করাতে বিলম্ব হয়। যার ফলে লক্ষ্যমাত্রা অনুযায়ী অগ্রগতি অর্জিত হয়নি। প্রকল্পের ডিপিপিতে ভূমি অধিগ্রহণের কোন সংস্থান নেই। কোন কোন স্থানে খাল ব্যক্তিমালিকানাধীন জমির উপর দিয়ে অতিক্রম করেছে। আবার কোন কোন স্থানে ডিজাইন অনুযায়ী খালের চওড়া খাস জমির থেকে বেশী। যার ফলে কাজ বাস্তবায়নকারী ঠিকাদার স্থানীয় জনগনের বাধার সম্মুখীন হচ্ছে এবং কাংক্ষিত লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হয়নি। প্রকল্পের বেড়ীবাঁধ সমূহ নদী তীরবর্তী হওয়ায় জোয়ারের পানি ও ঢেউয়ের আঘাতে এবং বন্যার কারনে বাঁধের নদীকূলের ঢাল ও উপরিভাগ প্রতিনিয়ত ক্ষতিগ্রস্ত হচ্ছে। প্রকল্প অনুমোদনের পর প্রকল্প বাস্তবায়নকালীন সময়ে মাঠ পর্যায়ে বাস্তব অবস্থার প্রেক্ষিতে পোল্ডার-১ এ বাঁধ মেরামতে মাটির পরিমাণ কিছুটা বৃদ্ধি পেয়েছে।	ক) প্রকল্পের মেয়াদ জুন ২০২২ পর্যন্ত বৃদ্ধির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং অবশিষ্ট কাজ নির্ধারিত সময়ের মধ্যে গুণগতমান বজায় রেখে সম্পন্ন করার যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে। খ) ডিপিপির ব্যয়ের মধ্যে সীমাবদ্ধ রেখে প্রকল্পের যদি কোন খাতে অর্থ উদ্ধৃত থাকে, সে অর্থ থেকে আন্তঃখাত সমন্বয়ের মাধ্যমে অন্যান্য আইটেমের কাজ সম্পন্ন করা যেতে পারে	বাস্তবায়নেঃ বাপাউবো ও প্রকল্প পরিচালক।

৩। সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

কবির বিন আনোয়ার
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩৬.১৪.০০৪.১৮-২১৮

তারিখ: ২৪ জ্যৈষ্ঠ ১৪২৮
০৭ জুন ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ({দৃ: আ: উপ-সচিব (বাজেট-৬)}।
২) সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৩) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৪) সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৫) সদস্য, কৃষি, পানি সম্পদ, পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা (দৃ: আ: যুগ্ম-সচিব, সেচ উইং)।
৬) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৭) মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৮) অতিরিক্ত সচিব, প্রশাসন, পানি সম্পদ মন্ত্রণালয়
৯) অতিরিক্ত সচিব, উন্নয়ন উইং, পানি সম্পদ মন্ত্রণালয়
১০) অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), পশ্চিম রিজিয়ন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১১) যুগ্মসচিব, পরিকল্পনা উইং, পানি সম্পদ মন্ত্রণালয়
১২) যুগ্ম সচিব, যুগ্মসচিব উন্নয়ন-২ এর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
১৩) প্রধান প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১৪) প্রধান প্রকৌশলী, দক্ষিণাঞ্চল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, বরিশাল।
১৫) উপপ্রধান, পরিকল্পনা-২ অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
১৬) উপসচিব (উন্নয়ন-২ অধিশাখা), (ফোকাল পয়েন্ট কর্মকর্তা), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
১৮) সিনিয়র সহকারী সচিব, পরিকল্পনা-৪ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
১৯) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
২০) নির্বাহী প্রকৌশলী ও প্রকল্প পরিচালক, “বরিশাল জেলার সাতলা-বাগধা প্রকল্পের পোল্ডার পুনর্বাসন” শীর্ষক প্রকল্প, বরিশাল পওর বিভাগ, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, বরিশাল।
২১) প্রোগ্রামার, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভার কার্যবিবরণী ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

নাজমুল ইসলাম ভূইয়া
উপসচিব